

শেখ হাসিনার হাত ধরেই বাংলাদেশ আজ সোনার বাংলা হয়েছে। এ সোনার বাংলাকে আবার খান খান করে দিতে চায় স্বাধীনতা বিরোধিতা-নৌপরিবহন প্রতিমন্ত্রী

বোচাগঞ্জ (দিনাজপুর) ২৭ নভেম্বর ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশকে 'সোনার বাংলা' গড়তে শপথ নিয়েছিলেন। তিনি শুরু করছিলেন; কিন্তু ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁকে সপরিবারে হত্যা করার কারণে সেটি হয়নি। বঙ্গবন্ধুর রক্তের উত্তরসূরি প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরেই বাংলাদেশ আজ সোনার বাংলা হয়েছে। এ সোনার বাংলাকে আবার খান খান করে দিতে চায় স্বাধীনতা বিরোধিতা। আমরা সেটা হতে দিবনা। আমরা জনগণের সাথে আছি, জনগণের সাথে থাকব। জনগণ আমাদের শক্তি। আমরা বিদেশীদের কাছ যাবনা। আপনারা ঐক্যবদ্ধ থাকবেন- বিভ্রান্তকারি, চোর, লুটেরা, খুনিদের কথায় বিভ্রান্ত হওয়া যাবে না।


প্রতিমন্ত্রী দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলা পরিষদ প্রাঙ্গণে শীতাত্ত মানুষের মাঝে কঞ্চল বিতরণকালে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বিএনপি জামাত স্বাধীনতা বিরোধী মির্জা ফখরুলদের কাজ হচ্ছে দেশের মধ্যে একটি বিশৃঙ্খলা সৃষ্টি করা; দেশের মধ্যে একটা আতঙ্ক তৈরি করা। ক্ষোভ তৈরি করা। তিনি বলেন, দেশের মানুষের মধ্যে কোন ক্ষোভ নাই। তারা ভাল আছে। ক্ষোভ আছে বিএনপির মধ্যে। তাদের ক্ষোভ হলো- বাংলাদেশে লুটতরাজ বন্ধ হয়ে গেছে। বাংলাদেশে পদ্মা সেতু হয়। বাংলাদেশে রেললাইন হচ্ছে। নতুন নতুন রেলগাড়ি চলছে। নতুন নতুন জাহাজ আসছে। নতুন নতুন বিমান আসছে। সড়ক হচ্ছে। ব্রীজ হচ্ছে। প্রধানমন্ত্রী একদিনে ১০০টি ব্রীজ উদ্বোধন করেছেন। তারপরেও তারা বলছে দেশ ভাল নাই। এদের ক্ষোভটা হচ্ছে দেশে চুরি চামারি বন্ধ হয়ে গেছে। তাদের যে চোর, দুর্নীতিবাজ, মানিলাভার বিদেশে টাকা পাচার করেছে। আদালতে প্রমাণিত হয়েছে। আমেরিকার এফবিআই'র লোক এসে স্বাক্ষর দিয়ে গেছে যে, সে টাকা পাচার করেছে। দেশের টাকা চুরি কইরা লুটপাট কইরা নিয়ে গেল সে হচ্ছে চোরের নায়ক। দেশের নায়ক নয়? তারেক হচ্ছে চোরের নায়ক, খুনি, ডাকাত, সন্ত্রাসী ও জঙ্গিদের গডফাদার। তাকে বানাইছে নেতা।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, দেশ ভাল চলছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ভাল চালাচ্ছেন। করোনা মহামারী, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ ইত্যাদি সংকট মোকাবেলা করছি। দেশ ভালভাবে চলছে। বিএনপি একটা গোলযোগ লাগাতে চায়। তারা ঢাকায় মহাসমাবেশ করতে চায়। তাদের কথায় ৫০ লাখ মানুষ হবে। আনুক আমাদের আপত্তি নাই। কিন্তু রাজা বন্ধ করে কেন? তারা ঢাকা শহর অচল করতে চায়। যান চলাচল বন্ধ করে দিতে চায়। দেশে বিশৃঙ্খলা তৈরি হয়- এ ধরনের মতলব নিয়ে তারা রাজনীতি করছে। "অনেকে বলছে- বাংলাদেশের অর্থনীতি ভেঙে পরছে, বাংলাদেশ নাকি অচল হয়ে গেছে। বাংলাদেশ ধ্বংস হয়ে গেছে। অন্ধকারে চলে গেছে।" প্রতিমন্ত্রী বলেন, যদি বাংলাদেশের অর্থনীতি অচল হয়ে যায়; অন্ধকারে চলে যায়; সবকিছু বিপর্যস্ত হয়ে যায়-তাহলে শীত আসার আগেই শীতাত্তদের জন্য কঞ্চল পাঠানো সম্ভব! তিনি বলেন, গতকাল প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু টানেলের একটি টিউবের নির্মাণ কাজ সমাপ্তির উদ্বোধন করেছে। দক্ষিণ এশিয়ার মধ্যে এরকম টানেল নাই। অর্থনীতি যদি ভেঙে পড়ে তাহলে এরূপ টানেল হয়? প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন মানবিক মানুষ মানবিক প্রধানমন্ত্রী। তিনি শীত আসার শুরুতেই শীতাত্ত মানুষের জন্য উন্নত মানসম্পন্ন কঞ্চল পাঠিয়ে দিয়েছেন।

বোচাগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ছন্দা পালের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন পৌর মেয়র মো. আসলাম, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সৈয়দ আবু হোসেন ও সাধারণ সম্পাদক আফছার আলী।

প্রতিমন্ত্রী এর আগে বিরল উপজেলা পরিষদ প্রাঙ্গণে শীতাত্তদের মাঝে কঞ্চল বিতরণ করেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪